

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি সফলভাবে আয়োজনের নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়।
তারিখ	:	০৬ জুলাই ২০১৭ খ্রিঃ।
সময়	:	২.০০ ঘটিকা।
স্থান	:	নৌপরিবহন মন্ত্রণালয় সভাকক্ষ।
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা	:	পরিশিষ্ট-ক।

সভার প্রারম্ভে জাতীয় শোক দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি কমিটিকে জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণের নিমিত্ত কমিটির এ সভা আহ্বান করা হয়েছে।

২। এ পর্যায়ে তিনি জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাব গম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে কমিটির সকল সদস্যকে সার্বিক প্রস্তুতি গ্রহণসহ ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। সভায় কমিটির সকল সদস্যগণ আত্মহ ব্যক্ত করে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সিদ্ধান্ত :-

- ৩.১। আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার বাদ যোহর বিআইডব্লিউটিএ'র মসজিদে দোয়া মাহফিল এবং দুপুর ৩.০০ ঘটিকায় বিআইডব্লিউটিএ'র অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে বিআইডব্লিউটিএ'র সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩.২। দোয়া মাহফিল ও আলোচনায় সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে মন্ত্রণালয় হতে দাওয়ার কার্ড প্রস্তুত ও বিতরণ করা হবে। মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা হতে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
- ৩.৩। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মাননীয় মন্ত্রী নৌপরিবহন মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় উপস্থিত থাকবেন।
- ৩.৪। আলোচনা সভার প্রধান আলোচকসহ অন্যান্য আলোচক বৃন্দদের তালিকা জাতীয় শোক দিবস উদযাপন বিষয়ক কমিটি উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করা হবে। সকল সংস্থা প্রধানকে আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হবে।

- ৩.৫। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রেস কাভারেজ, অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণসহ জাতীয় শোক দিবসের সাথে সামঞ্জস্য রেখে ব্যানার প্রস্তুত করতে হবে। বিআইডব্লিউটিএ'র সচিব এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
- ৩.৬। দোয়া মাহফিল ও আলোচনা সভা উপলক্ষ্যে বিআইডব্লিউটিএ এর সচিব জাতীয় শোক দিবসের সাথে সামঞ্জস্য রেখে ব্যানার প্রস্তুত করবেন।
- ৩.৭। আলোচনা অনুষ্ঠানে সঞ্চালক নির্বাচনের কাজটি বিআইডব্লিউটিএ'র সচিব চূড়ান্ত করবেন।
- ৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাঃ/-

তারিখ : ০৮-০৮-২০১৭
(এ এস এম মামুনুর রহমান খলিলী)
যুগ্মসচিব (প্রশাসন)
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০১৬.১৮.০০৭.২০১৭-১৫৪৫

তারিখঃ ০৯-০৮-২০১৭খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো :



(জাজরীন নাহার)

সিনিয়র সহকারী সচিব (প্রশা-১)

ফোন: ৯৫১৫৫৫১

sas.admin1@mos.gov.bd

বিতরণ :

- ১। সদস্য (প্রশাসন ও অর্থ), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কাকরাইল, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
- ৩। সদস্য (প্রশাসন), নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন মতিঝিল, ঢাকা।
- ৪। সচিব, বিআইডব্লিউটিএ ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৫। সচিব, বিআইডব্লিউটিএ, ফেয়ালী হাউজ বাংলামটর, ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।